গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

## সভার কার্যবিবরণী

**সভাপতি:** অ্যাড. মো: মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
**সভার তারিখ:** ১৫/০২/২০২২
**সময়:** বেলা ১১টা
**স্থান:** ইউপি হলরুম

### সভার হাজিরা শিট

| ক্রঃ নং | নাম | পদবী/গ্রাম/ওয়ার্ড নং | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | অ্যাড. মোঃ মহিতুল ইসলাম | চেয়ারম্যান | | |
| ২ | মোছাঃ কহিনুর বেগম | সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নংঃ ১, ২, ৩ | | |
| ৩ | মোছাঃ ঝর্না আক্তার | সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নংঃ ৪, ৫, ৬ | | |
| ৪ | মোছাঃ মর্জিনা বেগম | সংরক্ষিত ইউপি সদস্য ওয়ার্ড নংঃ ৭, ৮, ৯ | | |
| ৫ | মোঃ রফিকুল ইসলাম | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ১ | | |
| ৬ | মোঃ সামছুর রহমান | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ২ | | |
| ৭ | মনিরুল ইসলাম | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৩ | | |
| ৮ | মোঃ গোলাম মোস্তফা | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৪ | | |
| ৯ | মোঃ হায়দার আলী | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৫ | | |
| ১০ | মোঃ রবিউল ইসলাম | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৬ | | |
| ১১ | মোঃ গোলাম রববানী | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৭ | | |
| ১২ | মোঃ সহিদুল ইসলাম | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৮ | | |
| ১৩ | মোঃ আব্দুর রউফ বিশ্বাস | ইউপি সদস্য, ওয়ার্ড নংঃ ৯ | | |
| ১৪ | শেখ তানজির আহমেদ | সচিব | | |

অদ্যকার সভায় ১২নং বল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মো: মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

(পরের পৃষ্ঠা)

**প্রথম আলোচ্যসূচি: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

**দ্বিতীয় আলোচ্যসূচি: ইউনিয়নের আইনশৃঙ্খলা প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের কাছে ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে জানতে চান। এ সময় উপস্থিত সদস্যরা ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে উল্লেখ করে বলেন, আইনশৃঙ্খলা ভাল থাকলেও মাদকের ভয়াবহতা সর্বগ্রাসী হয়ে যুব সমাজকে ধ্বংস করছে। এজন্য সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং মাদক বিরোধী সচেতনতা সৃষ্টির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**তৃতীয় আলোচ্যসূচি: বাল্যবিবাহ প্রতিরোধ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বাল্য বিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে বলেন, যে কোন মূল্যে বাল্য বিবাহ প্রতিরোধ করতে হবে। বাল্য বিবাহের কারণে মাতৃমৃত্যু হার বৃদ্ধি, যৌতুক প্রবণতা বৃদ্ধি, নবজাতকের মৃত্যুসহ নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। এজন্য সকলকে সতর্ক থাকতে হবে।

সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধে সার্বিক জনসচেতনতা সৃষ্টি ও নিজ নিজ জায়গা থেকে সতর্ক প্রচেষ্টা চালানো ও বাল্য বিবাহের খবর পাওয়া প্রশাসনকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**চতুর্থ আলোচ্যসূচি: করোনা প্রতিরোধ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে করোনা মহামারীর তথ্য উপাত্ত তুলে ধরে বলেন, স্বাস্থ্যবিধি মেনে চলা ছাড়া করোনার প্রতিরোধের ২য় কোন বিকল্প নেই। এজন্য সর্বত্র মাস্ক পরিধান, জনসমাগম এগিয়ে চলা ও পুষ্টিকর খাদ্য গ্রহণ করতে হবে। একই সাথে এলাকার হাটবাজার, চায়ের দোকানসহ সর্বত্র জনসমাগম এড়িয়ে চলার জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। এজন্য করোনা প্রতিরোধ বিষয়ক ওয়ার্ড কমিটিতে কার্যকর ও সক্রিয় ভূমিকা রাখতে হবে।

এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং ওয়ার্ড কমিটিগুলো কার্যকর ও সক্রিয় করে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

**পঞ্চম আলোচ্যসূচি: ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের (বিজিবি) BBG আওতায় ১ম কিস্তির বরাদ্দে স্কিম গ্রহণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বলেন, অত্র ইউনিয়ন পরিষদকে **২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের (বিজিবি) BBG আওতায় ১ম কিস্তিতে দুই লাখ একাশি হাজার দুইশ টাকা** (২,৮১,২০০/-) বরাদ্দ দেওয়া হয়েছে। এক্ষণে স্কিম গ্রহণ করতে হবে।

**এ বিষয়ে উপস্থিত সদস্যরা আলোচনায় অংশ নেন এবং বিস্তারিত আলোচনা করেন। আলোচনায় অংশ নিয়ে ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা বলেন, ৪নং ওয়ার্ডের ওয়ার্ড সভায় অগ্রাধিকার ভিত্তিতে মুকুন্দপুরের ফজলুর দোকান হতে মুকুন্দপুর প্রাথমিক বিদ্যালয় সড়কটি পুনর্নির্মাণের জোর দাবি ওঠেছে। তিনি সভায় উপস্থিত সদস্যদের অবহিত করে বলেন, সড়কটির দুরাবস্থার কারণে গত ইউপি নির্বাচনে মুকুন্দপুর প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট গ্রহণ করা সম্ভব হয়নি। এজন্য সড়কটির পুনর্নিমাণ কাজ খুবই জরুরী। তার প্রস্তাবে সমর্থন করে ১নং ইউপি সদস্য রফিকুল ইসলাম বলেন, মুকুন্দপুরের ফজলুর দোকান হতে মুকুন্দপুর প্রাথমিক বিদ্যালয় সড়কটি নির্মাণের স্কিম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত অন্যান্য সদস্যরাও একমত পোষণ করেন এবং সর্বসম্মতভাবে নিম্নলিখিত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেন।**

**প্রকল্প নাম: মুকুন্দপুরের ফজলুর দোকান হতে মুকুন্দপুর প্রাথমিক বিদ্যালয় অভিমুখে ইটের সোলিং। বরাদ্দ: ২,৮১,২০০/- টাকা।**

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিদুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা